



উপেক্ষিত জনগণের উন্নয়নে কাজ করার অঙ্গীকার পানিসম্পদ মন্ত্রীর



পানিসম্পদ মন্ত্রী ও বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি। ছবি: সংগৃহীত

পানিসম্পদ মন্ত্রী ও বিএনপির যুগ্ম মহাসচিব শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি বলেছেন, দীর্ঘদিনের বঞ্চনা ও অবহেলা থেকে বের হয়ে এখন উন্নয়নের পথে এগিয়ে নিতে হবে লক্ষ্মীপুরকে। তিনি বলেন, আর যেন এ অঞ্চলের মানুষ উপেক্ষিত না থাকে, সে লক্ষ্যেই কাজ করা হবে।

শুক্রবার (১৫ মে) বিকেলে লক্ষ্মীপুরে নবগঠিত চন্দ্রগঞ্জ উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি জানান, গত ১৭ বছরে জেলার সড়ক, জলাবদ্ধতা নিরসন, শিক্ষা ও অবকাঠামোসহ বিভিন্ন খাতে লক্ষ্মীপুর পিছিয়ে পড়েছে। তবে এখন এসব খাতে বড় পরিসরে উন্নয়ন পরিকল্পনা নেওয়া হচ্ছে।

লক্ষ্মীপুর-৩ আসনের সংসদ সদস্য এ্যানি আরও বলেন, জেলায় বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ ও অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হবে। চন্দ্রগঞ্জ উপজেলা গঠনকে তিনি বিএনপির রাজনৈতিক সদৃষ্টির উদাহরণ বলেও উল্লেখ করেন।

সভায় আরও উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক সাহাব উদ্দিন সাবু, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক হাছিবুর রহমান, বাংলাদেশ ফুটবল ফেডারেশন—এর সহসভাপতি ওয়াহিদ উদ্দিন চৌধুরী হ্যাপীসহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতারা।